বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং- ০৮

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪৩০ / ০৬ আগস্ট, ২০২৩

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়।

প্রিয় মহোদয়,

**Income Tax Ordinance, 1984 রহিতক্রমে যুগোপযোগী ও সময়োপযোগী করে আয়কর আইন, ২০২৩ প্রণয়নকল্পে প্রণীত আইন পরিপালন প্রসঙ্গে।**

বৈদেশিক মুদ্রা ও নীতি বিভাগ কর্তৃক ০৯/০২/২০২২ তারিখে জারিকৃত এফই সার্কুলার পত্র নং-০৮ এর প্রতি মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

২। আয়কর, অগ্রিম আয়কর, উৎসে কর, ন্যূনতম কর, সারচার্জ ও অন্য কোনো প্রকারের কর আরোপের ক্ষেত্র বিস্তৃতকরণ, আর্থিক শৃঙ্খলা প্রতিষ্ঠা এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় যুগোপযোগী ও সময়োপযোগী করার লক্ষ্যে ২২/০৬/২০২৩ তারিখে Income Tax Ordinance,1984 রহিত করে "আয়কর আইন, ২০২৩" গৃহীত হয় এবং ২৬/০৬/২০২৩ তারিখে "উৎসে কর বিধিমালা ২০২৩" প্রণয়ন করা হয়। এ প্রেক্ষিতে আমদানি ও রপ্তানি বাণিজ্য, ইনওয়ার্ড এবং আউটওয়ার্ড রেমিটেন্স সংক্রান্ত লেনদেন সম্পন্ন করার সময় কর কর্তনের ক্ষেত্রে "আয়কর আইন, ২০২৩" এবং "উৎসে কর বিধিমালা, ২০২৩" এর নির্ধারিত ধারা পরিপালনের নির্দেশনা দেয়া হলো। এছাড়া, এফই সার্কুলার পত্র নং-০৮/২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

৩। আয়কর আইন, ২০২৩ https://nbr.gov.bd/uploads/acts/Income_Tax_act.pdf ও বিধি https://nbr.gov.bd/uploads/sros/SRO_206-210.pdf লিংকে প্রদর্শিত হচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোনঃ ৯৫৩০১২৩